দৈনিক খবর

তারিখ 02 MAR 1993
পৃষ্ঠা ১ কলাম ১

# রক্ত বিক্রি করে স্কুল মেরামতের সিদ্ধান্ত

রংপুর থেকে খবর প্রতিনিধি লিয়াকত আলী বাদল জানান: ভেদেরগঞ্জ থানার গোপালপুর গ্রামের কয়েকশ' যুবক এক বৈঠকে মিলিত হয়ে সিদ্ধান্ত নিয়েছে যে, তারা প্রত্যেকে এক পাউন্ড করে রক্ত বিক্রি করে তার অর্থ গোপালপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সংস্কার ও মেরামত কাজে ব্যয় করবেন।

২–এর পাতা ৮ম কঃ দেখুন

## রক্ত বিক্রি

১ প্রথম পৃষ্ঠার পর

সূত্র জানায়, গোপালপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের কোন পাকা ভবন নেই। টিনসেডের যে কাঁচা ঘর রয়েছে তাও সম্পূর্ণরূপে ব্যবহারের অযোগ্য হয়ে পড়েছে। ফলে স্কুলের তিন শতাধিক ছাত্র–ছাত্রীর পড়াশোনা হুমকির সম্মুখীন হয়ে আছে। এমনকি স্কুলের চেয়ার–টেবিলও নেই। তাই স্থানীয় যুবকরা গত শুক্রবার এক বৈঠকে মিলিত হয়ে সিদ্ধান্ত নিয়েছে যে, তারা প্রত্যেকে এক পাউন্ড করে রক্ত বিক্রি করবে এবং তার অর্থ দিয়ে স্কুলের অত্যাবশ্যকীয় চেয়ার–টেবিল ক্রয় করা হবে।

স্কুলের এ করুণ পরিস্থিতি নিয়ে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে যোগাযোগ করা হলেও কোন সাড়া পাওয়া যায়নি।